

ভোর হল বিভাবরী, পথ হল অবসান ।
শুন ওই লোকে লোকে উঠে আলোকেরই গান ॥
ধন্য হলি ওরে পান্থ রজনী-জাগর-ক্লান্ত,
ধন্য হল মরি মরি ধুলায় ধূসর প্রাণ ॥
বনের কোলের কাছে সমীরণ জাগিয়াছে;
মধুভিন্মু সারে সারে আগত কুঞ্জের দ্বারে ।
হল তব যাত্রা সারা, মোছো মোছো অশ্রুধারা,
লজ্জা ভয় গেল ঝরি, ঘুচিল রে অভিমান ॥

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Ramkeli
Visit www.geetabitan.com for notation and other detail